


**একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

নম্বর-৮০.০০.০০০০.৩০১.৭৩.০০০৩.২৫-২২৫

তারিখ: ১৬ ভাদ্র, ১৪৩২ বঙ্গাব্দ
৩১ আগস্ট, ২০২৫ খ্রিষ্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

**বিজ্ঞপ্তি নম্বর (৯৯-১৩০/২০২৫)**

পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা, নিম্নলিখিত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদের নিকট থেকে অনলাইনে আবেদনপত্র আহবান করছেন:

| **বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট** | **পদের নাম, গ্রেড ও সংখ্যা** | **মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তর** | **বেতন স্কেল** | **ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা (সংশ্লিষ্ট মন্তণালয়/বিভাগ/দপ্তর/ অধিদপ্তর এর নিয়োগবিধি অনুযায়ী)** | **অভিজ্ঞতা ও অন্যান্য** | **শিক্ষাগত যোগ্যতার [স্নাতকোত্তর/স্নাতক (সম্মান)/স্নাতক/ ডিপ্লোমা] বিষয়ক বিষয় কোড** | **০১ আগস্ট, ২০২৫ তারিখে বয়সসীমা** |
|---|---|---|---|---|---|---|---|
| **১** | **২** | **৩** | **৪** | **৫** | **৬** | **৭** | **৮** |
| ক্রমিক নম্বর_৯৯ নন-ক্যাডার শাখা | **সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী** [৯ম গ্রেড], ০৩ (তিন) টি স্থায়ী পদ। **(পদ সংখ্যা বৃদ্ধি পেতে পারে)** | বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তর। | ২২,০০০-৫৩,০৬০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। | কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | ১১৪,১৩২ ৩০৬,৩২৪ ৩৩২,৩৪৯ ৩৫১,৩৬৩ ৩৬৪,৩৬৫ ও ৩৬৬ | অনূর্ধ্ব- ৩২ বছর |

ক্রমশ/০২

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা (সংশ্লিষ্ট মন্তণালয়/বিভাগ/দপ্তর/ অধিদপ্তর এর নিয়োগবিধি অনুযায়ী) | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার [স্নাতকোত্তর/স্নাতক (সম্মান)/স্নাতক/ ডিপ্লোমা] বিষয়ক বিষয় কোড | ০১ আগস্ট, ২০২৫ তারিখে বয়সসীমা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর-১০০ ইউনিট-১০ | **সহকারী পরিচালক (প্রেস)** ৯ম গ্রেড, ০১টি (স্থায়ী) পদ। | জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর | ২২,০০০-৫৩,০৬০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | কোনো অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন স্নাতকসহ মুদ্রণে ডিগ্রী বা ডিপ্লোমা। | প্রথম শ্রেণীর প্রেসে ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। | ৩৭<br>১০১-৯৯৯ | অনূর্ধ্ব ৩৩ বৎসর। বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য |
| ক্রমিক নম্বর-১০১ ইউনিট-৯ | **পরিসংখ্যান কর্মকর্তা** ৯ম গ্রেড, ০১টি স্থায়ী পদ। | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) | ২২,০০০-৫৩,০৬০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | (ক) Second class Master's degree in Economics or Statistics or Mathematics from a recognized University. | Candidates with Honours in degree course or with research experience will be given preference | ১১৮<br>১৩৯<br>১৫৯ | অনূর্ধ্ব- ৩২ বছর |
| ক্রমিক নম্বর-১০২ ইউনিট-৯ | **ইন্সট্রাক্টর (টেক/ ইন্সট্রুমেন্টেশন এন্ড প্রসেস কন্ট্রোল)** ৯ম গ্রেড ও ০১টি অস্থায়ী পদ। | শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা অধিদপ্তর বিভিন্ন পলিটেকনিক ইনস্টিটিউট | ২২,০০০-৫৩,০৬০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বি.এসসি-ইন-ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং/ ইন্সটুমেটেশন এন্ড প্রসেস কন্ট্রোল বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং বা বিএসসি ইন টেকনিক্যাল এডুকেশন ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | - | ৩০৫<br>৩০৬<br>৩০৭<br>৩৩৪ | অনূর্ধ্ব- ৩২ বছর |
| ক্রমিক নম্বর-১০৩ ইউনিট-৯ | **ওয়ার্কসপ সুপার (ইলেকট্রনিক্স)** ৯ম গ্রেড ও ০২ টি অস্থায়ী পদ। | শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা অধিদপ্তর বিভিন্ন পলিটেকনিক ইনস্টিটিউট | ২২,০০০-৫৩,০৬০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বি.এসসি-ইন-ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/বি.এসসি-ইন-টেকনিক্যাল এডুকেশন (ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স) বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে বিএসসি ইন-ইঞ্জিনিয়ারিং বা বিএসসি ইন-টেকনিক্যাল এডুকেশন ডিগ্রী;<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | - | ৩০৬ | অনূর্ধ্ব- ৩২ বছর |

ক্রমশ/০৩

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা (সংশ্লিষ্ট মন্তণালয়/বিভাগ/দপ্তর/ অধিদপ্তর এর নিয়োগবিধি অনুযায়ী) | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার [স্নাতকোত্তর/স্নাতক (সম্মান)/স্নাতক/ ডিপ্লোমা] বিষয়ক বিষয় কোড | ০১ আগস্ট, ২০২৫ তারিখে বয়সসীমা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর-১০৪ ইউনিট-৯ | **ওয়ার্কসপ সুপার (আর্কিটেকচার এন্ড ইনটেরিয়র ডিজাইন)** ৯ম গ্রেড ও ০১টি অস্থায়ী পদ। | শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা অধিদপ্তর বিভিন্ন পলিটেকনিক ইনস্টিটিউট | ২২,০০০-৫৩,০৬০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বি.এসসি-ইন-আর্কিটেকচার বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে বিএসসি ইন-ইঞ্জিনিয়ারিং বা বিএসসি ইন-টেকনিক্যাল এডুকেশন ডিগ্রী;<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। | - | ৩০১ | অনূর্ধ্ব- ৩২ বছর |
| ক্রমিক নম্বর- ১০৫ ইউনিট-১৯ | **‘শিল্প নির্দেশক/ গ্রাফিক শিল্প নির্দেশক/দৃশ্য পটকার (গ্রেড-২)’** (৯ম গ্রেড) ০২ (দুই)টি, (স্থায়ী- ০১টি, অস্থায়ী- ০১টি) পদ। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ টেলিভিশন | ২২,০০০-৫৩,০৬০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | (ক) কোন বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠান হতে এম, এফ, এ ডিগ্রীপ্রাপ্ত;<br>অথবা | - | ১২২ | অনূর্ধ্ব-৩৫ বছর |
| | | | | (খ) বি, এফ, এ ডিগ্রীপ্রাপ্ত; | ০২(দুই) বৎসরের অভিজ্ঞতা | | |
| ক্রমিক নম্বর- ১০৬ ইউনিট-১৯ | **‘চিত্রগ্রাহক (গ্রেড-২)’** (৯ম গ্রেড) ০৬ (ছয়)টি, স্থায়ী পদ। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ টেলিভিশন | ২২,০০০-৫৩,০৬০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | কোনো স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে দ্বিতীয় বিভাগে স্নাতক ডিগ্রি। | ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। | ১০১ থেকে ৯৯৯ | অনূর্ধ্ব- ৩২ বছর |
| ক্রমিক নম্বর-১০৭ ইউনিট-১৯ | **সহকারী পরিচালক (দৃশ্যসজ্জা ও রেখায়ন প্রশিক্ষণ)** ৯ম গ্রেড ০১ (এক)টি, স্থায়ী পদ। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় অধীন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট। | ২২,০০০-৫৩,০৬০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | চারু ও কারুকলা বিষয়ে দ্বিতীয় শ্রেণীর (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। | দৃশ্য পরিকল্পনা ও শিল্প নির্দেশনা কর্মে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। | ১২২ | অনূর্ধ্ব- ৩২ বছর |

ক্রমশ/০৪

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা (সংশ্লিষ্ট মন্তণালয়/বিভাগ/দপ্তর/ অধিদপ্তর এর নিয়োগবিধি অনুযায়ী) | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার [স্নাতকোত্তর/স্নাতক (সম্মান)/স্নাতক/ ডিপ্লোমা] বিষয়ক বিষয় কোড | ০১ আগস্ট, ২০২৫ তারিখে বয়সসীমা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর-১০৮ ইউনিট-১৮ | **সহকারী সচিব (লেজিসলেটিভ অনুবাদ)** (৯ম গ্রেড) ৭টি স্থায়ী পদ। | আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | ২২,০০০-৫৩,০৬০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | "কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাংলা বা ইংরেজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ- তে স্নাতক (সম্মান)- সহ আইন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি; অথবা কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ- তে স্নাতক (সম্মান) সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি"। | - | ১০৮ ১২০ ১৩৪ | অনূর্ধ্ব- ৩২ বছর |
| ক্রমিক নম্বর- ১০৯ নন-ক্যাডার শাখা | **সহকারী প্রোগ্রামার** [৯ম গ্রেড] এর ১৭ (সতেরো) টি স্থায়ী/ অস্থায়ী পদ। **(পদ সংখ্যা বৃদ্ধি পেতে পারে)** | বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/অধিদপ্তর | ২২,০০০-৫৩,০৬০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। | কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ | ১১৪, ১৩২ ৩০৬,৩২৪ ৩৩২,৩৪৯ ৩৫১,৩৬৩ ৩৬৪,৩৬৫ ও ৩৬৬ | অনূর্ধ্ব- ৩২ বছর |
| ক্রমিক নম্বর- ১১০ ইউনিট-০৭ | **"সিনিয়র কম্পিউটার অপারেটর"** [৯ম গ্রেড]- ০১ টি, অস্থায়ী | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের অধীনস্থ স্বাস্থ্য অধিদপ্তরাধীন এমআইএস | টা: ২২,০০০-৫৩,০৬০/- [তৎসহ বিধি অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি] | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং (খ) কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | - | ১১৪, ১৩২ ৩০৬,৩২৪ ৩৩২,৩৪৯ ৩৫১,৩৬৩ ৩৬৪,৩৬৫ ও ৩৬৬ | অনূর্ধ্ব- ৩২ বছর |

ক্রমশ/০৫

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা (সংশ্লিষ্ট মন্তণালয়/বিভাগ/দপ্তর/ অধিদপ্তর এর নিয়োগবিধি অনুযায়ী) | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার [স্নাতকোত্তর/স্নাতক (সম্মান)/স্নাতক/ ডিপ্লোমা] বিষয়ক বিষয় কোড | ০১ আগস্ট, ২০২৫ তারিখে বয়সসীমা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর-১১১ ইউনিট-১৯ | **ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার,** ১০ম গ্রেড ০২ (দুই)টি, স্থায়ী পদ। | জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | ১৬,০০০-৩৮,৬৪০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। | (ক) ডাটা এন্ট্রি/ কন্ট্রোল অপারেটর হিসেবে অন্যূন ০২ (দুই) বৎসরের চাকুরী; এবং<br><br>(খ) কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগপদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | ১০৩, ১০৪, ১০৫, ১০৭, ১১০, ১১১, ১১৩, ১১৪, ১১৫, ১২৪, ১২৫, ১৩২, ১৩৯, ১৪০, ১৪১, ১৪২, ১৪৫, ১৪৭, ১৪৯, ১৫৪, ১৫৮, ১৫৯, ১৬২, ১৬৫, ১৬৬, ১৬৭, ১৭৭, ১৮১, ১৮৩, ১৮৪, ১৮৫, ১৮৭, ১৯৬, ১৯৭, ১৯৮, ৪০১, ৪০২, ২০১ হতে ২৫০, ৩০১ হতে ৩৫৪, ৩৬৩, ৩৬৪, ৩৬৫, ৩৬৬, ৩৯১, ৩৯২, ৩৯৩, ৩৯৪; ৫০১, ৫০২, ৫০৩, ৯৯৩ এবং ৯৯৯ | অনূর্ধ্ব- ৩২ বছর |
| ক্রমিক নম্বর-১১২ ইউনিট-০২ | **ফটো টেকনিশিয়ান ১০ম গ্রেড,** ০৩ (তিন) টি (অস্থায়ী) পদ। | বস্ত্র অধিদপ্তর, বস্ত্র ও পাট মন্ত্রণালয় | ১৬,০০০-৩৮,৬৪০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | (ক) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম বিভাগে ডিপ্লোমা পাশ; অথবা | - | ৯০<br>১০১-৯৯৯ | অনূর্ধ্ব- ৩২ বছর |
| | | | | (খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী। | ফটো টেকনিশিয়ান ট্রেড কোর্স সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। | | |

ক্রমশ/০৬

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/ অধিদপ্তর এর নিয়োগবিধি অনুযায়ী) | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার [স্নাতকোত্তর/স্নাতক (সম্মান)/স্নাতক/ ডিপ্লোমা] বিষয়ক বিষয় কোড | ০১ আগস্ট, ২০২৫ তারিখে বয়সসীমা |
|---|---|---|---|---|---|---|---|
| **১** | **২** | **৩** | **৪** | **৫** | **৬** | **৭** | **৮** |
| ক্রমিক নম্বর- ১১৩ ইউনিট-০৯ | **জুনিয়র ইন্সট্রাক্টর [টেক/ডাটা টেলি কমিউনিকেশন এন্ড নেটওয়ার্কিং]** ১০ম গ্রেড, ০৩টি অস্থায়ী পদ। | শিক্ষা মন্ত্রণালয় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (পলিটেকনিক ইন্সটিটিউট) | ১৬,০০০-৩৮,৬৪০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | কোন স্বীকৃত বোর্ড হতে ডাটা কমিউনিকেশন/ কম্পিউটার টেকনোলজিতে অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা-ইন- ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। | - | ২০,২১ ও ২৩ | অনূর্ধ্ব- ৩২ বছর |
| ক্রমিক নম্বর- ১১৪ ইউনিট-০৯ | **জুনিয়র ইন্সট্রাক্টর [টেক/কম্পিউটার সাইন্স এন্ড টেকনোলজি]** ১০ম গ্রেড, ০৫টি অস্থায়ী পদ। | শিক্ষা মন্ত্রণালয় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (পলিটেকনিক ইন্সটিটিউট) | ১৬,০০০-৩৮,৬৪০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | কোন স্বীকৃত বোর্ড হতে কম্পিউটার /কম্পিউটার সাইন্স টেকনোলজিতে অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা-ইন- ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। | - | ২০, ২১ ও ২৩ | অনূর্ধ্ব- ৩২ বছর |
| ক্রমিক নম্বর- ১১৫ ইউনিট-০৯ | **জুনিয়র ইন্সট্রাক্টর [টেক/কেমিক্যাল]** ১০ম গ্রেড, ০১টি অস্থায়ী পদ। | শিক্ষা মন্ত্রণালয় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (পলিটেকনিক ইন্সটিটিউট) | ১৬,০০০-৩৮,৬৪০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | কোন স্বীকৃত বোর্ড হতে কেমিক্যাল টেকনোলজিতে অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। | - | ১৭, ২৮ | অনূর্ধ্ব- ৩২ বছর |

ক্রমশ/০৭

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা (সংশ্লিষ্ট মন্তণালয়/বিভাগ/দপ্তর/ অধিদপ্তর এর নিয়োগবিধি অনুযায়ী) | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার [স্নাতকোত্তর/স্নাতক (সম্মান)/স্নাতক/ ডিপ্লোমা] বিষয়ক বিষয় কোড | ০১ আগস্ট, ২০২৫ তারিখে বয়সসীমা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর-১১৬ ইউনিট-০৯ | **জুনিয়র ইন্সট্রাক্টর [টেক/ আর্কিটেকচার]** ১০ম গ্রেড, ০৫টি অস্থায়ী পদ। | শিক্ষা মন্ত্রণালয় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (পলিটেকনিক ইন্সটিটিউট) | ১৬,০০০- ৩৮,৬৪০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | কোন স্বীকৃত বোর্ড হতে আর্কিটেকচার টেকনোলজিতে অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। | - | ১৩, ১৪ | অনূর্ধ্ব- ৩২ বছর |
| ক্রমিক নম্বর-১১৭ ইউনিট-০৯ | **জুনিয়র ইনস্ট্রাক্টর [টেক/ জেনারেল ইলেকট্রনিক্স]** ১০ম গ্রেড, ৯০টি অস্থায়ী পদ। | শিক্ষা মন্ত্রণালয় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহ | ১৬,০০০- ৩৮,৬৪০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | কোন স্বীকৃত বোর্ড হতে ইলেকট্রনিক্স/ ইলেকট্রোমেডিকেল/ভোকেশনাল এডুকেশন (জেনারেল ইলেকট্রনিক্স) টেকনোলজিতে অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ০৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং বা ডিপ্লোমা ইন ভোকেশনাল এডুকেশন ডিগ্রি। | - | ২৪,২৫ ২৬,৩১ ও ৪১ | অনূর্ধ্ব- ৩২ বছর |
| ক্রমিক নম্বর- ১১৮ ইউনিট-০৯ | **জুনিয়র ইনস্ট্রাক্টর [টেক/ ফার্মমেশিনারী]** ১০ম গ্রেড, ১৫৩টি অস্থায়ী পদ। | শিক্ষা মন্ত্রণালয় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহ | ১৬,০০০- ৩৮,৬৪০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | কোন স্বীকৃত বোর্ড হতে পাওয়ার/ অটোমোবাইল/ এগ্রিকালচার /ভোকেশনাল এডুকেশন (ফার্মমেশিনারী) টেকনোলজিতে অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ০৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং বা ডিপ্লোমা ইন ভোকেশনাল এডুকেশন ডিগ্রি। | - | ১৫, ৩২, ৩৬ ও ৪২ | অনূর্ধ্ব- ৩২ বছর |
| ক্রমিক নম্বর- ১১৯ ইউনিট-০৯ | **জুনিয়র ইনস্ট্রাক্টর [টেক/ রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং]** ১০ম গ্রেড, ৮৯টি অস্থায়ী পদ। | শিক্ষা মন্ত্রণালয় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহ | ১৬,০০০- ৩৮,৬৪০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | কোন স্বীকৃত বোর্ড হতে রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং/পাওয়ার/ভোকেশনাল এডুকেশন (রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং) টেকনোলজিতে অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ০৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং বা ডিপ্লোমা ইন ভোকেশনাল এডুকেশন ডিগ্রি। | - | ১৫,৩৬ ৩২,৩৪ ৩৫ ও ৩৮ | অনূর্ধ্ব- ৩২ বছর |
| ক্রমিক নম্বর- ১২০ ইউনিট-০৯ | **জুনিয়র ইনস্ট্রাক্টর [টেক/ ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন]** ১০ম গ্রেড, ৬০টি অস্থায়ী পদ। | শিক্ষা মন্ত্রণালয় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহ | ১৬,০০০- ৩৮,৬৪০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | কোন স্বীকৃত বোর্ড হতে মেকানিক্যাল/শিপ বিল্ডিং টেকনোলজি/ভোকেশনাল এডুকেশন (ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন) টেকনোলজিতে অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ০৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং বা ডিপ্লোমা ইন ভোকেশনাল এডুকেশন ডিগ্রি। | - | ১৫,৩২ ৩৪,৩৫ ৩৬,৩৮ ৩৯,৭৭ | অনূর্ধ্ব- ৩২ বছর |

ক্রমশ/০৮

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/ অধিদপ্তর এর নিয়োগবিধি অনুযায়ী) | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার [স্নাতকোত্তর/স্নাতক (সম্মান)/স্নাতক/ ডিপ্লোমা] বিষয়ক বিষয় কোড | ০১ আগস্ট, ২০২৫ তারিখে বয়সসীমা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর- ১২১ ইউনিট-০৯ | **জুনিয়র ইনস্ট্রাক্টর [টেক/ সিভিল কন্সট্রাকশন এন্ড সেফটি]** ১০ম গ্রেড, ২০টি অস্থায়ী পদ। | শিক্ষা মন্ত্রণালয় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহ | ১৬,০০০-৩৮,৬৪০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | কোন স্বীকৃত বোর্ড হতে সিভিল/ আর্কিটেকচার/ সিভিল উড/সার্ভেয়িং/ এনভায়রনমেন্ট/ কন্সট্রাকশন/আর্কিটেকচার এন্ড ইনটেরিয়র ডিজাইন টেকনোলজিতে অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ০৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং বা ডিপ্লোমা ইন ভোকেশনাল এডুকেশন ডিগ্রি। | - | ১৩, ১৪ ১৮, ১৯ ২২, ২৭ ও ৪০ | অনূর্ধ্ব- ৩২ বছর |
| ক্রমিক নম্বর- ১২২ ইউনিট-০৯ | **জুনিয়র ইনস্ট্রাক্টর [টেক/ ফিশ কালচার এন্ড ব্রিডিং]** ১০ম গ্রেড, ৩৮টি অস্থায়ী। | শিক্ষা মন্ত্রণালয় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহ | ১৬,০০০-৩৮,৬৪০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | কোন স্বীকৃত বোর্ড হতে ফিশারীজ/ এগ্রিকালচার টেকনোলজিতে অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ০৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং বা ডিপ্লোমা ইন ভোকেশনাল এডুকেশন ডিগ্রি। | - | ৪২, ৪৩ ও ৭১ | অনূর্ধ্ব- ৩২ বছর |
| ক্রমিক নম্বর- ১২৩ ইউনিট-০৯ | **জুনিয়র ইনস্ট্রাক্টর [টেক/ পোল্ট্রি রিয়ারিং এন্ড ফার্মিং]** ১০ম গ্রেড, ৪০টি অস্থায়ী পদ। | শিক্ষা মন্ত্রণালয় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহ | ১৬,০০০-৩৮,৬৪০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | কোন স্বীকৃত বোর্ড হতে এগ্রিকালচার /পোল্ট্রি টেকনোলজিতে অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ০৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং বা ডিপ্লোমা ইন ভোকেশনাল এডুকেশন ডিগ্রি। | - | ৪২, ৪৫ ও ৭৪ | অনূর্ধ্ব- ৩২ বছর |

ক্রমশ/০৯

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা (সংশ্লিষ্ট মন্তণালয়/বিভাগ/দপ্তর/ অধিদপ্তর এর নিয়োগবিধি অনুযায়ী) | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার [স্নাতকোত্তর/স্নাতক (সম্মান)/স্নাতক/ ডিপ্লোমা] বিষয়ক বিষয় কোড | ০১ আগস্ট, ২০২৫ তারিখে বয়সসীমা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর- ১২৪ ইউনিট-০৯ | **জুনিয়র ইনস্ট্রাক্টর [টেক/ মেশিন অপারেশন বেসিকস]** ১০ম গ্রেড, ৯৯টি অস্থায়ী পদ। | শিক্ষা মন্ত্রণালয় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহ | ১৬,০০০-৩৮,৬৪০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | কোন স্বীকৃত বোর্ড হতে মেকানিক্যাল/ মেকাট্রনিক্স/মাইন এন্ড মাইন সার্ভে/ ভোকেশনাল এডুকেশন (মেশিনিষ্ট) টেকনোলজিতে অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ০৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং বা ডিপ্লোমা ইন ভোকেশনাল এডুকেশন ডিগ্রি। | - | ১৫,৩২ ৩৪, ৩৫ ৩৬ ও ৩৮ | অনূর্ধ্ব- ৩২ বছর |
| ক্রমিক নম্বর- ১২৫ ইউনিট-০৯ | **জুনিয়র ইনস্ট্রাক্টর [টেক/ কম্পিউটার]** ১০ম গ্রেড, ৮১টি অস্থায়ী পদ। | শিক্ষা মন্ত্রণালয় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহ | ১৬,০০০-৩৮,৬৪০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | কোন স্বীকৃত বোর্ড হতে কম্পিউটার/ কম্পিউটার সাইন্স অ্যান্ড টেকনোলজি/ডাটা টেলিকমিউনিকেশন এন্ড নেটওয়ার্কিং টেকনোলজিতে অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ০৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং বা ডিপ্লোমা ইন ভোকেশনাল এডুকেশন ডিগ্রি। | - | ২০, ২১ ও ২৩ | অনূর্ধ্ব- ৩২ বছর |
| ক্রমিক নম্বর- ১২৬ ইউনিট-০৯ | **জুনিয়র ইনস্ট্রাক্টর [টেক/ প্লাম্বিং এন্ড পাইপ ফিটিং]** ১০ম গ্রেড, ৬৪টি অস্থায়ী পদ। | শিক্ষা মন্ত্রণালয় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহ | ১৬,০০০-৩৮,৬৪০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | কোন স্বীকৃত বোর্ড হতে সিভিল/ আর্কিটেকচার/ সিভিল উড/সার্ভেয়িং/ এনভায়রনমেন্ট/ কন্সট্রাকশন/আর্কিটেকচার এন্ড ইনটেরিয়র ডিজাইন টেকনোলজিতে অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ০৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং বা ডিপ্লোমা ইন ভোকেশনাল এডুকেশন ডিগ্রি। | - | ১৩, ১৪ ১৮, ১৯ ২২, ২৭ ও ৪০ | অনূর্ধ্ব- ৩২ বছর |

ক্রমশ/১০

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/ অধিদপ্তর এর নিয়োগবিধি অনুযায়ী) | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার [স্নাতকোত্তর/স্নাতক (সম্মান)/স্নাতক/ ডিপ্লোমা] বিষয়ক বিষয় কোড | ০১ আগস্ট, ২০২৫ তারিখে বয়সসীমা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর- ১২৭ ইউনিট-০৯ | **সিনিয়র ইন্সট্রাক্টর টেকনিক্যাল ট্রেনিং সেন্টার** ১০ম গ্রেড ও ১৪টি (স্থায়ী) পদ। | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন জনশক্তি, কর্মসংস্থান ও প্রক্ষিণ ব্যুরো এর অধীন দপ্তরসমূহ | ১৬,০০০-৩৮,৬৪০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | Diploma in Engineering or Technology.<br>or | At least three years experience in the relevant trade.<br>or | ১১ থেকে ৫৩<br>৫৫ থেকে ৫৭ | Not exceeding 32 years,<br><br>(Relaxable for the candidates already in Government service) |
| | | | | Secondary School Certificate or its equivalent from a recongnised board with formal apprenticeship Certificate of at least three years duration in the trade.<br>or | At least four years' practical experience in the relevant trade.<br>or | | |
| | | | | Secondary School Certificate or its equivalent from a recognised Board with trade course certificate or trade instructor course certificate in the trade from any Institute recognised by the Government in this behaf. | At least five years' practical experience in the relevant trade. | | |

ক্রমশ/১১

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা (সংশ্লিষ্ট মন্তণালয়/বিভাগ/দপ্তর/অধিদপ্তর এর নিয়োগবিধি অনুযায়ী) | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার [স্নাতকোত্তর/স্নাতক (সম্মান)/স্নাতক/ ডিপ্লোমা] বিষয়ক বিষয় কোড | ০১ আগস্ট, ২০২৫ তারিখে বয়সসীমা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর- ১২৮ ইউনিট-০৯ | **"সিনিয়র স্টাফ নার্স"** **১০ম গ্রেড** ৮২৮ টি, স্থায়ী পদ। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের অধীন নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর | ১৬,০০০-৩৮,৬৪০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নার্সিং এ স্নাতক ডিগ্রি অথবা কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা-ইন-নার্সিং বা ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি সার্টিফিকেট এবং বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক নিবন্ধিত। | - | ৮১,৮২ ও ৪০১ | অনূর্ধ্ব- ৩২ বছর |
| ক্রমিক নম্বর- ১২৯ ইউনিট-১১ | **প্রধান শিক্ষক** **১১তম গ্রেড ও ১২তম গ্রেড** **১১২২টি**, স্থায়ী পদ। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | প্রশিক্ষণপ্রাপ্ত: টাকা: ১২,৫০০-৩০,২৩০/- প্রশিক্ষণবিহীন: টাকা: ১১,৩০০-২৭,৩০০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; (খ) শিক্ষা জীবনে কোনো স্তরে তৃতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ অথবা তৃতীয় শ্রেণি অথবা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং (গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | - | ১০১-৯৯৯ | অনূর্ধ্ব- ৩২ বছর |
| ক্রমিক নম্বর- ১৩০ ইউনিট-০৯ | **জনসংযোগ কর্মকর্তা** ১২তম গ্রেড, ০১টি স্থায়ী পদ। | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন জনশক্তি, কর্মসংস্থান ও প্রক্ষিণ ব্যুরো (বিএমইটি) | ১১,৩০০-২৭,৩০০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | (ক) Degree from recognized university. Preference will be given to those who have degree or Diploma in Journalism or experience in editorial or publication work; | - | ১০১-৯৯৯ | অনূর্ধ্ব- ৩২ বছর তবে বিভাগীয় প্রার্থীদের জন্য ০৫ বছর পর্যন্ত শিথীলযোগ্য। |

**বিশেষ দ্রষ্টব্য:**

- **বিজ্ঞপ্তি ক্রমিক নম্বর- ৯৯, ১০৯, ১১০ এর পদসমূহে শিক্ষাগত যোগ্যতার সংশ্লিষ্ট বিষয়ের সমমান হিসেবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৪৭.৯৯.০১০.১৮-৬০ নং স্মারক এবং সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ০২ সেপ্টেম্বর, ২০২৪ তারিখের ৮০.০০.০০০০.৪০১.৩৫.০১৭.২১.১০৫৩ নম্বর অফিস আদেশ অনুযায়ী কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (কোড-৩৬৩)/ ইনফরমেশন টেকনোলজি (কোড-৩৬৪)/ টেলিকমিউনিকেশন এন্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং (কোড-৩৪৯)/ এপ্লাইড ফিজিক্স, ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং(কোড-৩৬৫)/ এপ্লাইড ফিজিক্স এন্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং (কোড-৩৬৬)/সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং (কোড-৩৩২) ও ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং(কোড-৩৫১) বিষয়ের প্রার্থীগণ যোগ্য বিবেচিত হবেন।**

ক্রমশ/১২

- **বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ১১৩-১২৬ এর পদসমূহে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ১৩ জুন ২০২১ তারিখের ৫৭.০০.০০০০.০৫৩.৯৯.০০৫.২১-১৬৯ নং প্রজ্ঞাপন অনুযায়ী ইমার্জিং বিষয়ের প্রার্থীগণ আবেদন করতে পারবেন।**
- **বিজ্ঞপ্তি ক্রমিক নম্বর -১২৯ এর পদসমূহে সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা, ২০২৫ অনুযায়ী তফসিল-২ অনুসারে গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। তফসিল-২ নিম্নরূপ;**

**তফসিল-২**
**[বিধি ২(গ) দ্রষ্টব্য]**

| | পরীক্ষার বিষয় | নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ২৫ | ৫০% | ৯০ মিনিট |
| | ২। ইংরেজি | ২৫ | | |
| | ৩। গণিত ও দৈনন্দিন বিজ্ঞান | ২০ | | |
| | সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলী) | ২০ | | |
| | মোট নম্বর | ৯০ | | |
| মৌখিক পরীক্ষা | | ১০ | ৫০% | - |
| সর্বমোট নম্বর | | ১০০ | - | - |
| **ব্যাখ্যা : লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।** | | | | |

## নির্দেশাবলি:

**সংশ্লিষ্ট নিয়োগবিধিতে বর্ণিত নিয়োগযোগ্যতা এবং কমিশন সচিবালয়ের ১০.০১.২০২৪ তারিখে ৮০.০০.০০০০.৪০১.৩৫.০৪৬.১৭-৪২ নম্বর অফিস আদেশে জারিকৃত নন-ক্যাডার নিয়োগ পরীক্ষার নীতিমালা ২০২৩ এর ৪.৪ অনুচ্ছেদ অনুযায়ী বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ৯৯-১৩০/২০২৫ এর পদসমূহের সারসংক্ষেপ নিম্নরূপ:**

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর | গ্রেড | পদের ধরণ |
|---|---|---|
| ১০০, ১০৬ | ৯ম গ্রেড | নন-টেকনিক্যাল |
| ৯৯, ১০১-১০৫, ১০৭-১১০ | ৯ম গ্রেড | টেকনিক্যাল/ প্রফেশনাল |
| ১১১-১২৮ | ১০ম গ্রেড | টেকনিক্যাল |
| ১২৯ | ১১তম গ্রেড | নন-টেকনিক্যাল |
| ১২৯ ও ১৩০ | ১২তম গ্রেড | নন-টেকনিক্যাল |

- **শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী এক বা একাধিক পদে রেজিস্ট্রেশন করা যাবে। একাধিক পদে রেজিস্ট্রেশন করলে প্রতিটি পদের জন্য আলাদা আলাদা রেজিস্ট্রেশন ফি জমা দিতে হবে।**

ক্রমশ/১৩

১. **অনলাইনে আবেদনপত্র (বিপিএসসি ফরম-5A) পূরণ এবং পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ ও সময়:**

১.১ প্রার্থীদের টেলিটকের Web address : http://bpsc.teletalk.com.bd অথবা বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের Web address : www.bpsc.gov.bd এর মাধ্যমে কমিশন কর্তৃক নির্ধারিত আবেদনপত্র Applicant's Copy (BPSC Form-5A) পূরণ করে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম এবং ফি জমাদান সম্পন্ন করতে হবে। উল্লিখিত ওয়েবসাইটে প্রবেশ করে Non-cadre অপশন select করে ক্লিক করলে নন-ক্যাডার বিভিন্ন পদের বিজ্ঞপ্তি, আবেদনপত্র অনলাইনে পূরণ, SMS এর মাধ্যমে ফি জমাদান ও প্রবেশপত্র প্রাপ্তি সংক্রান্ত নির্দেশাবলির রেডিও বাটন দৃশ্যমান হবে। ফরম পূরণের পূর্বে প্রার্থী অবশ্যই Instructions এবং বিজ্ঞপ্তি download করে প্রতিটি নির্দেশনা অনুসরণ করবেন।

**১.২ অনলাইনে আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ২১.০৯.২০২৫ খ্রিঃ, দুপুর ১২.০০টা।**

**১.৩ অনলাইনে আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময় : ২০.১০.২০২৫ খ্রিঃ, সন্ধ্যা ৬.০০টা। এই তারিখের মধ্যে প্রার্থীর অর্জিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, প্রশিক্ষণ প্রকাশনা (প্রযোজ্য ক্ষেত্রে) বিবেচিত হবে। এই তারিখের পরে অর্জিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, প্রকাশনা, প্রশিক্ষণ ইত্যাদি বিবেচিত হবে না।**

**১.৪ কেবল User ID প্রাপ্ত প্রার্থীগণ ২০.১০.২০২৫ তারিখ, সন্ধ্যা ৬.০০ টা হতে পরবর্তী ৭২ ঘণ্টার মধ্যে অর্থাৎ ২৩.১০.২০২৫ তারিখ, সন্ধ্যা ৬.০০ টা পর্যন্ত SMS এর মাধ্যমে ফি জমা দিতে পারবেন।** নির্ধারিত তারিখ ও **সময়ের পরে SMS এর মাধ্যমে ফি জমাদান এবং অনলাইনে কোন আবেদন গ্রহণ করা হবে না।**

**১.৫ ফি জমাদানের পূর্ব পর্যন্ত আবেদনপত্রে সংশোধনের সুযোগ রয়েছে। প্রার্থীদের আবেদনের প্রিন্ট কপি দেখে নিশ্চিত হয়ে ফি জমা দিতে হবে। ফি জমাদানের পর আবেদনপত্রে আর কোন সংশোধনের সুযোগ থাকবে না।**

২. **২.১ প্রার্থীর বয়স ০১.০৮.২০২৫ তারিখে সংশ্লিষ্ট পদের বিপরীতে বিজ্ঞপ্তির ০৮ নম্বর কলামে উল্লিখিত বয়সসীমার মধ্যে থাকতে হবে;**

**২.২** কোন প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/ বীরাঙ্গনার পুত্র/কন্যা হিসেবে আবেদনপত্রে উল্লেখ করলে সে ক্ষেত্রে মুক্তিযোদ্ধার প্রমাণক হিসেবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৯.০৬.২০১৭ তারিখের ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭৭২ নম্বর পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রার্থীকে নিম্নোক্ত কাগজপত্র/তথ্যাদি অনুচ্ছেদ-৯ এ বর্ণিত কাগজপত্রাদি/তথ্যাদিসহ দাখিল করতে হবে;

**২.২.১** মুক্তিযোদ্ধার নাম সংবলিত "লাল মুক্তিবার্তা" অথবা "ভারতীয় তালিকা"র সত্যায়িত কপি এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website এ প্রকাশিত সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার নাম পিতার নাম ও ঠিকানা সংবলিত তালিকা বিপিএসসি ফরম-5A (Applicant's Copy) এর সাথে জমা দিতে হবে। আবেদনে উল্লিখিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানার সাথে প্রার্থীর উপস্থাপিত "লাল মুক্তিবার্তা" কিংবা "ভারতীয় তালিকা" অথবা উপস্থাপিত উভয় তালিকার সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website এ প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা এক ও অভিন্ন হতে হবে।

**২.২.২** কোনো মুক্তিযোদ্ধার নাম "লাল মুক্তিবার্তা" কিংবা "ভারতীয় তালিকায়" না থাকলে প্রার্থীকে মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা সংবলিত গেজেট ও সাময়িক সনদ অথবা

**২.২.৩** গেজেট ও মাননীয় প্রধানমন্ত্রী প্রতিস্বাক্ষরিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ (বামুস) কর্তৃক প্রদত্ত সনদ অথবা

**২.২.৪** গেজেট, সাময়িক সনদ, ও বামুস সনদ এর কপি Applicant's Copy (BPSC Form-5A) এর সাথে জমা দিতে হবে। Applicant's Copy (BPSC Form-5A) তে প্রার্থীর উল্লিখিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানার সাথে প্রার্থীর উপস্থাপিত গেজেট ও সাময়িক সনদ/গেজেট ও বামুস সনদ/গেজেট ও সাময়িক সনদ ও বামুস সনদ এর সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website-এ প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা এক ও অভিন্ন হতে হবে।

২.৩ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদ সত্যায়িত।
২.৪ তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদ।

ক্রমশ/১৪

৩. **জাতীয়তা :**

৩.১ প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

৩.২ যেসকল প্রার্থী কোন অ-বাংলাদেশি নাগরিককে বিবাহ করেছেন অথবা বিবাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছেন সে সকল প্রার্থী সরকারের লিখিত অনুমতি ব্যতিরেকে আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন না। সরকারের অনুমতিপত্র লিখিত পরীক্ষার পর Applicant's Copy (BPSC Form-5A) এর সাথে অবশ্যই জমা দিতে হবে।

৪. **ডিক্লারেশন :**
প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের (BPSC Form-5A) ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রার্থী প্রদত্ত তথ্য বা তার অংশবিশেষ অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে যেকোন পর্যায়ে প্রার্থিতা বাতিল হবে এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীতব্য যেকোন নিয়োগ পরীক্ষায় আবেদন করার অযোগ্য ঘোষণাসহ তার বিরুদ্ধে যেকোন আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫. **ছবি (Picture) :** BPSC Form-5A সফলভাবে পূরণ সম্পন্ন হলে Application preview দেখা যাবে। preview এর নির্ধারিত স্থানে প্রার্থীকে (দৈর্ঘ্য×প্রস্থ) 300×300 pixel এর কম বা বেশি নয় এবং ফাইল সাইজ 100 KB এর বেশি নয় এরূপ মাপের সদ্য (দুই মাসের মধ্যে) তোলা রঙ্গীন ছবি Scan করে jpg format এ upload করতে হবে। সাদাকালো ও পুরাতন ছবি গ্রহণযোগ্য নয়। ছবি উল্লিখিত মাপের না হলে আবেদনপত্র বাতিল হবে। **সানগ্লাসসহ ছবি গ্রহণযোগ্য হবে না।** Home page এর Help Menu তে ক্লিক করলে Photo এবং Signature সম্পর্কে বিস্তারিত নির্দেশনা পাওয়া যাবে।

৬. **স্বাক্ষর (Signature) :** Application Preview'তে স্বাক্ষরের জন্য নির্ধারিত স্থানে (দৈর্ঘ্য×প্রস্থ) 300×80 pixel এর কম বা বেশি নয় এবং ফাইল সাইজ 60 KB এর বেশি নয়, এরূপ মাপের প্রার্থীর স্বাক্ষর Scan করে jpg format এ upload করতে হবে। স্বাক্ষর উল্লিখিত মাপের না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৭. **পরীক্ষার ফি প্রদান :**
অনলাইনে আবেদনপত্র (BPSC Form-5A) যথাযথভাবে পূরণপূর্বক নির্দেশমতে ছবি এবং Signature upload করে প্রার্থী কর্তৃক আবেদনপত্র submission সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID সহ ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থীকে প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করতে হবে। Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং এই User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোনো Teletalk pre-paid mobile নম্বর থেকে SMS করে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় গত ৩০.১২.২০২৪ তারিখে ০৭.০০.০০০০.১৭২.৩৭.০০৩.১৫-৩৬২ নং স্মারকে নিম্নোক্তভাবে **পরীক্ষার ফি** জমা দিবেন।

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর | পদের গ্রেড | "পরীক্ষা ফি" হার (টাকা) |
|---|---|---|
| ৯৯-১১০ | ৯ম গ্রেড | ২০০/- (দুইশত) |
| ১১১-১২৮ | ১০ম গ্রেড | ২০০/- (দুইশত) |
| ১২৯ | ১১তম গ্রেড | ১৫০/- (একশত পঞ্চাশ) |
| ১২৯ ও ১৩০ | ১২তম গ্রেড | ১৫০/- (একশত পঞ্চাশ) |
| - | সকল গ্রেড (অনগ্রসর নাগরিক) | ৫০/- (পঞ্চাশ) |

প্রথম SMS : BPSC<space>User ID লিখে send করুন 16222 নম্বরে ।

ক্রমশ/১৫

Example : BPSC NCRPQBCR send to 16222
Reply: Applicant's Name, Tk-200/150/50 will be charged as application fee. Your PIN is (8 digit number). To pay fee Type BPSC<space>Yes<space>PIN and send to 16222.
দ্বিতীয় SMS : BPSC<space> YES <space> Pin লিখে send করুন 16222 নম্বরে।
Example : BPSC YES (8 digit number) send to 16222
Reply: Congratulations! Applicant's Name, payment completed successfully for Non-cadre examination. User ID is (xxxxxxxx) and Password (xxxxxxxx).
**বিশেষ দ্রষ্টব্য :** If password is lost, please type BPSC<Space> HELP<Space> SSC Board<Space> SSC Roll<Space>SSC Year and Send to 16222. অথবা টেলিটকের বর্ণিত ওয়েবসাইটে Home page এর Admit Card Menu তে ক্লিক করলে User Recovery, Password Recovery ও Payment Status বাটন দেখা যাবে। উক্ত বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে Submit করলে কাঙ্ক্ষিত তথ্যাবলি পাওয়া যাবে।

**প্রবেশপত্র (Admit card):**

৮. ৮.১ প্রার্থী তার User ID এবং Password ব্যবহার করে ছবি ও রেজিস্ট্রেশন নম্বর সংবলিত প্রবেশপত্র (Admit Card) download করতে পারবেন।

৮.২ বিজ্ঞাপনে উল্লিখিত ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা এবং বয়সসীমা না থাকলে কোন প্রার্থী আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন না। কোন প্রার্থী পরীক্ষার ফি জমা দিয়ে Admit card পাওয়ার পর একাধিকবার অনলাইনে Application Form জমা দিতে পারবেন না। কোন প্রার্থী অনলাইনে আবেদন ফরম পূরণ করে ফি জমাদান সম্পন্ন করলে তার আবেদন চূড়ান্তভাবে গৃহীত হয়েছে বলে গণ্য হবে। **প্রার্থী মিথ্যা/ভিন্ন/ভুল তথ্য দিয়ে একাধিকবার ফর্ম পূরণ করে একাধিক Admit card গ্রহণ করলে, বিজ্ঞপ্তির ৭ নম্বর কলামে উল্লিখিত সংশ্লিষ্ট বিষয় কোড ব্যতীত ভিন্ন বিষয়ের প্রার্থীগণ উক্ত কোড দ্বারা রেজিস্ট্রেশন সম্পন্ন করলে এবং প্রক্রিয়ায়ণের যেকোন স্তরে জালিয়াতি প্রমাণিত হলে এরূপ প্রার্থীর সামগ্রিক প্রার্থিতা বাতিল হবে। উক্ত প্রার্থী ভবিষ্যতে বিপিএসসি কর্তৃক বিজ্ঞাপিত সকল পদে আবেদনের জন্য অযোগ্য ঘোষিত হবেন এবং উক্ত প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।**

**৯. Applicant's Copy (BPSC Form-5A) প্রাপ্তি ও জমাদান: প্রার্থীদের BPSC Form-5A (Applicant's Copy) কমিশনের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে মৌখিক পরীক্ষার পূর্বে নিম্নোক্ত কাগজপত্র/তথ্যাদিসহ কমিশন কর্তৃক নির্দেশিত সময়ে এবং স্থানে জমা দিতে হবে:**

৯.১ প্রার্থীকে জমাপ্রদানকৃত সনদ/কাগজপত্রের একটি তালিকা BPSC Form-5A (Applicant's Copy) এর সাথে জমা প্রদান করতে হবে।

৯.২ শিক্ষাগত যোগ্যতা প্রমাণের জন্য বোর্ড বা বিশ্ববিদ্যালয় হতে অর্জিত সকল সনদ (এস.এস.সি/ এইচএসসি/ডিপ্লোমা/ স্নাতক/স্নাতকোত্তর/ বা সমমানের মূল বা সাময়িক সনদ) এর সত্যায়িত ফটোকপি। মূল সনদের ফটোকপি প্রদানে অপারগ হলে সাময়িক সনদের ফটোকপি গৃহীত হবে। শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ বিশ্ববিদ্যালয় বা সর্বশেষ পরীক্ষার মার্কশিট প্রাথমিকভাবে গ্রহণযোগ্য হবে তবে সাক্ষাৎকার বোর্ডে মূল/সাময়িক সনদ অবশ্যই দাখিল করতে হবে। চার বছর মেয়াদি স্নাতক/স্নাতক সম্মান ডিগ্রিধারী প্রার্থীদের জমাকৃত সনদ/ মার্কশিট/টেস্টিমোনিয়াল-এ যদি অর্জিত ডিগ্রির মেয়াদ ৪ বছর সুস্পষ্ট উল্লেখ না থাকে সেক্ষেত্রে অর্জিত ডিগ্রি ৪ বছর মেয়াদি মর্মে বিভাগীয় প্রধান/পরীক্ষা নিয়ন্ত্রক/রেজিস্ট্রার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায়, তাদের অর্জিত ডিগ্রি ৩ বছর মেয়াদি হিসেবে গণ্য করা হবে;

৯.৩ বয়স প্রমাণের জন্য শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি; "ও" লেভেল এবং "এ" লেভেল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ জমা দিতে হবে। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;

৯.৪ বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);

৯.৫ আবেদনকারীর স্থায়ী ঠিকানা পরিবর্তিত হলে পরিবর্তিত স্থায়ী ঠিকানার সপক্ষে প্রামাণ্য সনদের সত্যায়িত কপি;

ক্রমশ/১৬

**৯.৬ অভিজ্ঞতার সনদ জমাদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট পদের স্কেল/গ্রেড, চাকরিতে যোগদান এবং পরিত্যাগের সুস্পষ্ট তারিখসহ মেয়াদ (প্রযোজ্য ক্ষেত্রে এনডোর্সকৃত/পৃষ্ঠাংকনকৃত আর্টিকেল-৪৭ ফরম), চাকরি চলমান থাকলে বিজ্ঞপ্তিতে আবেদনপত্র জমাদানের শেষ তারিখে অভিজ্ঞতা গণনাপূর্বক যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত অভিজ্ঞতার সনদপত্র জমাপ্রদান করতে হবে। ছাড়পত্রের কপি অভিজ্ঞতার সনদ হিসেবে বিবেচিত হবে না;**

**৯.৭ কমিশন সচিবালয়ের ১৫.০২.২০১২ তারিখের ২৩৩ নং অফিস আদেশ অনুযায়ী পিএসসি কর্তৃক গৃহীত বিভিন্ন নন-ক্যাডার পদে নিয়োগের ক্ষেত্রে যে সকল পদে নিয়োগের জন্য অভিজ্ঞতা চাওয়া হয় সে সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট পদের জন্য চাহিত ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অর্জনের তারিখের পর হতে অভিজ্ঞতা গণনা করা হবে;**

**৯.৮ বিজ্ঞাপিত কোনো পদের অভিজ্ঞতার শর্তে সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে চাকরির অভিজ্ঞতা চাওয়া হলে আবেদনকারী প্রার্থীদের উক্ত প্রতিষ্ঠান/সংস্থা সংবিধিবদ্ধ সংস্থা মর্মে কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র আবেদনের সাথে জমা দিতে হবে। সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান বলতে এমন কর্তৃপক্ষ সংস্থা বা প্রতিষ্ঠান বোঝাবে যার প্রধান প্রধান কার্যাবলী কোনো আইন, অধ্যাদেশ, আদেশ বা বাংলাদেশে আইনের ক্ষমতা সম্পন্ন চুক্তিপত্র দ্বারা অর্পিত;**

৯.৯ জাতীয় পরিচয়পত্রের (NID) সত্যায়িত কপি;

৯.১০ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সর্বশেষ সার্কুলার অনুযায়ী মুক্তিযোদ্ধার বয়সের প্রমাণক/ডকুমেন্টস (প্রযোজ্য ক্ষেত্রে);

৯.১১ বাছাই/লিখিত/ব্যবহারিক পরীক্ষার পরবেশপত্রের কপি;

৯.১২ প্রতিবন্ধী প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তর কর্তৃক জারীকৃত প্রতিবন্ধী সনদ/পরিচয়পত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

৯.১৩ ০৩ কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা সত্যায়িত রঙ্গিন ছবি;

৯.১৪ নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি;

**৯.১৫ অনলাইনে আবেদনপত্র পূরণের শেষ তারিখ অর্থাৎ ২০.১০.২০২৫ তারিখের মধ্যে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত আবেদনপত্র জমাপ্রদানের শেষ তারিখে অর্জিত অর্থাৎ সর্বশেষ শিক্ষাগত যোগ্যতা অর্জনের শেষ তারিখ অথবা তারপূর্বে অর্জিত শিক্ষাগত যোগ্যতা সংবলিত শিক্ষা প্রতিষ্ঠান কতৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।**

৯.১৬ প্রার্থী কর্তৃক আবেদনপত্রে উল্লিখিত স্থায়ী ঠিকানা পরবর্তীতে পরিবর্তিত হলে কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর ঠিকানা ব্যবহার করা হলে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার সপক্ষে প্রাক্তন এবং বর্তমান সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর/পৌর মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র।

**১০.** বাছাই (MCQ)/লিখিত/ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ Applicant's Copy (BPSC Form-5A) সহ প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি কমিশন কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে ব্যর্থ হলে তাদের প্রার্থিতা বাতিল হবে এবং তারা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। Applicant's Copy (BPSC Form-5A) সহ প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি পুঙ্খানুপুঙ্খ যাচাইয়ের পর শুধু যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

১১. অনলাইন আবেদনপত্রের (BPSC Form-5A) উল্লিখিত স্থায়ী জেলা সঠিক হতে হবে। **এক্ষেত্রে ভুল তথ্য প্রদানের জন্য প্রার্থিতা/মনোনয়ন বাতিল হবে।** অনলাইনে পূরণকৃত Applicant's Copy (BPSC Form-5A) এর তথ্য সঠিক হিসেবে পরিগণিত হবে।

**১২. BPSC Form-5A (Applicant's Copy) জমাপ্রদানের শেষ তারিখের পর Applicant's Copy তে কোনো ধরণের তথ্য সংশোধনের আবেদন গ্রহণযোগ্য হবে না।**

১৩. প্রার্থীকে কেবল কমিশনের অনুমোদিত অনলাইন আবেদনপত্র (BPSC Form-5A) পূরণ করে রেজিস্ট্রেশন করতে হবে। মুদ্রিত আবেদনপত্র জমাদানের কোনো সুযোগ নেই।

১৪. প্রার্থীর নাম ও পিতার নাম এসএসসি অথবা সমমানের সনদে যেভাবে লেখা আছে অনলাইন আবেদনপত্রেও (BPSC Form-5A) ঠিক সেভাবে লিখতে হবে।

**১৫. যেসকল পদের ক্ষেত্রে প্রার্থীর ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ডিপ্লোমা ডিগ্রি চাওয়া হয় সেক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অতিরিক্ত/উচ্চতর ডিগ্রি থাকলেও আবশ্যিকভাবে ডিপ্লোমা ডিগ্রি থাকতে হবে। ডিপ্লোমা ডিগ্রি অর্জন ব্যতিরেকে সংশ্লিষ্ট বিষয়ে অতিরিক্ত/উচ্চতর ডিগ্রি গ্রহণযোগ্য হবে না।**

**১৬. শারীরিক প্রতিবন্ধী হিসেবে আবেদনকারী প্রার্থীদের মধ্যে যেসকল প্রার্থী শ্রুতিলেখকের সহায়তায় পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক তাদের সরকারী কর্ম কমিশন থেকে শ্রুতিলেখক প্রদান করা হবে। এরূপ প্রার্থীদের নিম্নোক্ত কাগজপত্রসহ রেজিস্ট্রেশনের শেষ তারিখের পর ১০ (দশ) কর্ম দিবস অর্থাৎ ০৪.১১.২০২৫ তারিখের মধ্যে অফিস চলাকালীন পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা বরাবর আবেদন করতে হবে:**

ক্রমশ/১৭

১৬.১ অনলাইন আবেদনপত্রের (Applicant's Copy) কপি;

১৬.২ প্রার্থীর ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

১৬.৩ শ্রুতিলেখকের প্রয়োজনীয়তা সম্পর্কে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত ডাক্তারি প্রত্যয়নপত্র;

১৬.৪ সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/সমপদমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ/পরিচয় পত্রের সত্যায়িত কপি।

**** উল্লেখ্য, শ্রুতিলেখকের জন্য আবেদনকারী প্রার্থীকে কেবল কর্ম কমিশন কর্তৃক মনোনীত শ্রুতিলেখকের সহায়তায় পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।**

১৭. কোন প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যেকোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে কোন মিথ্যা তথ্য উল্লেখ করলে আবেদনপত্র বাতিলের পাশাপাশি সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থাও গ্রহণ করা হবে।

১৮. **নন-ক্যাডার ৯ম এবং ১০ম থেকে ১৩তম গ্রেড পদে নিয়োগ পরীক্ষা নীতিমালা-২০২৩ কমিশনের ওয়েবসাইটে পাওয়া যাবে।**

১৯. লিখিত পরীক্ষার বিষয়ভিত্তিক সিলেবাস এবং নন-ক্যাডার পরীক্ষা নীতিমালা কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd এ পাওয়া যাবে।

২০. **লিখিত পরীক্ষায় উত্তর প্রদানের ভাষা: বাংলা ও ইংরেজি বিষয়ের প্রশ্নের উত্তর সংশ্লিষ্ট ভাষাতে লিখতে হবে। অন্যান্য বিষয়ের প্রশ্নের উত্তর বাংলা বা ইংরেজি-এর যেকোন একটি'তে লেখা যাবে। একটি বিষয়ের উত্তরে উভয় ভাষা ব্যবহার করা যাবে না তবে Technical শব্দসমূহ ইংরেজিতে লেখা যাবে। কোন বিষয়ের প্রশ্নপত্রে অন্য কোনরূপ নির্দেশ থাকলে উক্ত বিষয়ের ক্ষেত্রে ঐ নির্দেশ অনুযায়ী প্রশ্নোত্তর লিখতে হবে।**

২১. এই বিজ্ঞপ্তিতে যেসকল শর্ত আরোপ করা হয়েছে তা আবেদনপত্র (BPSC Form-5A) এর কোনো শর্তের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ না হলে এই বিজ্ঞপ্তির শর্তই চূড়ান্ত বলে গণ্য হবে। তবে কোন বিষয় অনুল্লিখিত থাকলে অথবা ব্যাখ্যার প্রয়োজন হলে কমিশন এ ব্যাপারে প্রয়োজনীয় সিদ্ধান্ত প্রদান করবে।

২২. প্রার্থীকে অবশ্যই মৌখিক পরীক্ষার বোর্ডে অতিরিক্ত ০১ (এক) সেট BPSC Form-5A (Applicant's Copy) অনুচ্ছেদ-৯ এ বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্র/তথ্যাদি সহ জমা দিতে হবে। প্রত্যেক ডকুমেন্টের উপর অবশ্যই প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর লিখতে হবে।

২৩. শিক্ষাগত যোগ্যতার সকল মূল অথবা সাময়িক সনদ, অভিজ্ঞতা সনদের মূলকপি (প্রযোজ্য ক্ষেত্রে), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সর্বশেষ সার্কুলার অনুযায়ী মুক্তিযোদ্ধার বয়সের প্রমাণক/ডকুমেন্টসের মূল কপি (প্রযোজ্য ক্ষেত্রে), প্রতিবন্ধী প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তর কর্তৃক জারীকৃত প্রতিবন্ধী সনদ/পরিচয়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে) Applicant's Copy (BPSC Form-5A) এবং জাতীয় পরিচয়পত্র অবশ্যই দাখিল করতে হবে। সরকারি/ আধাসরকারি/স্বায়ত্তশাসিত/স্থানীয় সংস্থায় চাকুরিরত প্রার্থীদেরকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সিল স্বাক্ষরিত ছাড়পত্রের মূল কপি এবং সত্যায়িত ফটোকপি মৌখিক পরীক্ষার বোর্ডে দাখিল করতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না। মৌখিক পরীক্ষার জন্য আলাদাভাবে প্রার্থীদের নামে কোন সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না। অনলাইনে রেজিস্ট্রেশনকালে ডাউনলোডকৃত প্রবেশপত্রই মৌখিক পরীক্ষার জন্য প্রযোজ্য হবে। **প্রার্থীর দেয়া তথ্যের ভিত্তিতেই অনলাইন থেকে ডাউনলোডকৃত প্রবেশপত্র দেয়া হয়। এ প্রবেশপত্রকে কোন অবস্থাতেই কমিশন কর্তৃক যাচাই-বাছাইকৃত যোগ্যতা সম্পন্ন প্রার্থীর/যোগ্য প্রার্থীর প্রমাণক হিসেবে আদালতে/অন্য কোথাও পেশ করা যাবে না/দাবি করা যাবে না।**

২৪. প্রার্থীদের অতিরিক্ত তথ্য পাওয়ার জন্য বিপিএসসি এর ওয়েবসাইট নিয়মিতভাবে ভিজিট করতে হবে। এছাড়া, কর্ম কমিশন সচিবালয়ে অফিস চলাকালীন সময়ে **১২১, ০১৫০০১২১১২১, ৫৫০০৬৬৫৬** ও **৫৫০০৬৮৩৪** টেলিফোন নম্বরে যোগাযোগ করে তথ্য জানা যাবে।

২৫. নতুন পদ সৃষ্টি, পদোন্নতি, অবসর গ্রহণ, মৃত্যু, পদত্যাগ অথবা অপসারণ ইত্যাদি কারণে বিজ্ঞাপিত পদসংখ্যা বাড়ানো হতে পারে বা যৌক্তিক কারণে পদ সংখ্যা পরিবর্তন হতে পারে।

২৬. কেন্দ্রভিত্তিক রেজিস্ট্রেশন নম্বর প্রার্থীকে ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ কেন্দ্রের মধ্যে যেকোন একটি কেন্দ্রের বিপরীতে অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। প্রার্থী যে কেন্দ্র নির্বাচন করবেন সে কেন্দ্রের জন্য নির্ধারিত রেজিস্ট্রেশন নম্বরের রেঞ্জ হতে কম্পিউটারাইজড পদ্ধতিতে প্রার্থীকে রেজিস্ট্রেশন নম্বর প্রদান করা হবে। তবে বাছাই/লিখিত পরীক্ষা এবং মৌখিক পরীক্ষা কেবল ঢাকায় অনুষ্ঠিত হবে।

২৭ **বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।**

২৮ **বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর-১২৯ "প্রধান শিক্ষক" পদে সুপারিশের ক্ষেত্রে "সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা, ২০২৫" অনুসরণ করা হবে।**

ক্রমশ/১৮

২৯. ১০.০১.২০২৪ তারিখে জারিকৃত ৮০.০০.০০০০.৪০১.৩৫.০৪৬.১৭-৪২ নম্বর অফিস আদেশে **নন-ক্যাডার পরীক্ষা নীতিমালা ২০২৩ এর অনুচ্ছেদ ৪.১ অনুসরণে প্রার্থী ও পদের সংখ্যা নির্বিশেষে এবং জরুরি প্রয়োজনে কমিশন তাৎক্ষণিক সিদ্ধান্ত গ্রহণপূর্বক কমিশন কর্তৃক পুনর্নির্ধারিত পদ্ধতিতে নিয়োগ পরীক্ষা সম্পন্ন করতে পারবেন।**

৩০. আবেদনপত্র অনলাইনে পূরণ, এসএমএস এর মাধ্যমে ফি জমাদান এবং প্রবেশপত্র প্রাপ্তি সংক্রান্ত নির্দেশাবলি এবং অন্যান্য পালনীয় বিষয়সমূহ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের Web address : www.bpsc.gov.bd এবং টেলিটকের Web address : http://bpsc.teletalk.com.bd এ পাওয়া যাবে।

৩১. **আগামী ২০.১০.২০২৫ ইং অথবা অনলাইনে রেজিষ্টেশনের শেষ তারিখের মধ্যে প্রার্থীর অর্জিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, প্রশিক্ষণ (প্রযোজ্য ক্ষেত্রে) স্বীকৃত জার্নালে প্রকাশিত প্রকাশনা বিবেচিত হবে। এই তারিখের মধ্যে অর্জিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, প্রশিক্ষণ প্রকাশনা (প্রযোজ্য ক্ষেত্রে) না থাকলে আবেদন করার প্রয়োজন নাই। উল্লেখ্য, ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অর্জনের পরীক্ষায় অবতীর্ন প্রার্থীগন আবেদনের জন্য যোগ্য বিবেচিত হবেন না।**

- **শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।**

০১/০৯/২০২৫

দিলাওয়েজ দুরদানা
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)